

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০৮৫.০২২.০৬৫.২০১৭-২৩৮

তারিখঃ ১৮/০৪/২০১৮ খ্রিঃ

বিষয় : সিটি কর্পোরেশন এবং ওয়াসাসমূহের বিদ্যমান আইন পর্যালোচনাপূর্বক যুগোপযোগীকরণের লক্ষ্যে কমিটির দাখিলকৃত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।


সূত্র : ৪৬.০০.০০০০.০৮৫.০২২.০৬৫.২০১৭-৯০৫(ক), তারিখঃ ০৪/০৩/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিটি কর্পোরেশন এবং ওয়াসাসমূহের বিদ্যমান আইন পর্যালোচনাপূর্বক যুগোপযোগীকরণের লক্ষ্যে সুপারিশমালা প্রণয়নের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের ০৭/০৮/২০১৭ তারিখের ৫৪৬নং স্মারকমূলে একটি কমিটি গঠন করা হয় (কপি সংযুক্ত)। কমিটি কর্তৃক এ সংশ্লিষ্ট প্রতিবেদন দাখিল করা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত প্রতিবেদনে নিম্নবর্ণিত একটি সুপারিশ প্রদান করা হয় :

‘ঢাকা শহরের বিভিন্ন এলাকায় স্যুয়েরেজের পানি সিটি কর্পোরেশনের সারফেজ/Open ড্রেনে নিক্ষেপিত হয়ে ঢাকা ওয়াসার বড় ড্রেনে পতিত হয়। স্যুয়েরেজ লাইনবিহীন এলাকায় বহুতল ভবনের নিজস্ব সেপটিক ট্যাংক থাকা এবং তরল বর্জ্য সিটি কর্পোরেশন/ওয়াসার লাইনে নিক্ষেপন না করার বিষয়টি রাজউক, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং ঢাকা ওয়াসাকে নিশ্চিত করতে হবে।

২। এমতাবস্থায়, উক্ত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী ৮ (আট) ফর্দ।


(ড. কে এম কামরুজ্জামান সেলিম)
উপসচিব

ফোনঃ ৯৫৪০৩৭০

watersupply_02@yahoo.com

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
- ২। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), মতিঝিল, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কাওরান বাজার, ঢাকা।

অনুলিপিঃ (সদয় অবগতি ও কার্যার্থে)

- ১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ২। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।